

## 📖 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৬০৭৭

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - উসমান (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

### الْفَصْلُ الثَّانِي (بَابُ مَنَاقِبِ عُثْمَانَ)

আরবী

وَعَنْ عَائِشَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «يَا عُثْمَانُ إِنَّهُ لَعَلَّ اللَّهَ يُقَمِّصُكَ قَمِيصًا فَإِنْ أَرَادُوكَ عَلَى خَلْعِهِ فَلَا تَخْلَعْهُ لَهُمْ». رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْنُ مَاجَةَ وَقَالَ التِّرْمِذِيُّ فِي الْحَدِيثِ قِصَّةً طَوِيلَةً

صحیح ، رواه الترمذی (3705) وقال : حسن غريب) و ابن ماجه (112) -  
(صحیح)

বাংলা

৬০৭৭-[৯] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। একদিন নবী (সা.) 'উসমান (রাঃ)-কে লক্ষ্য করে বললেন, হে 'উসমান। নিশ্চয় আল্লাহ তা'আলা তোমাকে একটি জামা পরিধান করাবেন। পরে লোকেরা তোমার জামাটি খুলে ফেলতে চাইবে, তখন তুমি তাদের দিক জামাটি খুলবে না। [তিরমিযী ও ইবনু মাজাহ এবং ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) বলেছেন, এ হাদীস প্রসঙ্গে একটি দীর্ঘ ঘটনা আছে]

ফুটনোট

সহীহ: তিরমিযী ৩৭০৫, ইবনু মাজাহ ১১২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَإِنْ أَرَادُوكَ عَلَى خَلْعِهِ فَلَا تَخْلَعْهُ لَهُمْ) যদি তারা তোমাকে জোরপূর্বক খিলাফতের আসন হতে নামাতে চায় তখন তুমি খিলাফতের আসন ছেড়ে দিবে না।

কারণ তুমি সঠিক পথে আছো আর তারা হলো ভ্রান্ত তথা বাতিলপন্থী। উক্ত হাদীসের দরুন ‘উসমান (রাঃ) -কে যেদিন অবরোধ করা হয় সেদিন তিনি স্ব-জ্ঞানে, স্ব-ইচ্ছায় খিলাফতের মসনদ হতে পদত্যাগ করেননি। ‘আল্লামাহ্ ত্বীবী (রহিমাহুল্লাহ) এ হাদীস প্রসঙ্গে বলেন, কাপড় দ্বারা খিলাফতের প্রতি ইঙ্গিত করা হয়েছে। পরবর্তী শব্দ তার ব্যাখ্যা করছে, (عَلَى خُلْعِهِ) অর্থাৎ কাপড় খোলা বলতে ক্ষমতা হতে অব্যাহতি নেয়া। (মিরকাতুল মাফাতীহ, তুহফাতুল আহওয়াযী ৯/৩৭১৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86053>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন